অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/29/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল CIVIL SERVICE EMPLOYEE ASSOCIATION-এর সাথে পাঁচ বছরের শ্রম চুক্তি ঘোষণা করলেন

স্টেটের অন্যতম বৃহৎ সরকারি চাকরিজীবীদের ইউনিয়ন, CSEA-এর সাথে চুক্তিটির আওতায় নিউ ইয়র্ক স্টেটের 55,000-এর বেশি কর্মচারী থাকবেন

চুক্তিগুলিতে বার্ষিক বেতন বাড়ানো, লোকেশন পে বাড়ানো এবং স্বাস্থ্য বেনিফিটের পরিবর্তন আছে

চুক্তিটি ইউনিয়নের সদস্যদের অনুমোদন সাপেক্ষে হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে তার প্রশাসন Civil Service Employee Association (CSEA)-এর সাথে পাঁচ বছর মেয়াদের একটি চুক্তিতে পৌঁছেছে যা 1 এপ্রিল, 2031 পর্যন্ত কার্যকর থাকবে। চুক্তিটি ইউনিয়নের সদস্যদের অনুমোদন সাপেক্ষে কার্যকর হবে, যেখানে অনেক ধরনের দায়িত্বে কর্মরত নিউ ইয়র্ক স্টেটের (New York State) 55,000-এর বেশি চাকরিজীবী থাকবেন।

"এই চুক্তিটি CSEA-এর সদস্য এবং নিউ ইয়র্ক স্টেট, উভয়ের জন্যই একটি ন্যায্য চুক্তি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্ক স্টেটে আমরা সরকারি চাকরিজীবীদের এবং এম্পায়ার স্টেটকে (Empire State) সকল নিউ ইয়র্কবাসীর জন্য বাস করার আরো ভালো স্থান বানাতে তাদের নিবেদনকে মূল্য দেই। এই চুক্তি বাস্তবায়নে কাজ করার জন্য আমি CSEA-এর নেতৃত্বকে ধন্যবাদ জানাচ্ছি, এবং আমি নিউ ইয়র্ক স্টেটের জনগণের কাছে অত্যাবশ্যকীয় সেবা পৌঁছে দিতে CSEA সদস্যদের প্রতিশ্রুতি ও অবদানের জন্য তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

CSEA-এর প্রেসিডেন্ট Mary E. Sullivan (ম্যারি ই সালিভ্যান) বলেন, "প্রতিদিন স্টেটের জন্য CSEA সদস্যরা যে কঠোর পরিশ্রম করেন, এই ন্যায্য চুক্তির মাধ্যমে তার স্বীকৃতি দেওয়ার জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি। এই চুক্তি অর্থপূর্ণভাবে বেতন বাড়া নিশ্চিত করে এবং কর্মজীবী মানুষেরা যে ক্রয়ক্ষমতার সঙ্কটে আছেন তার সমাধানে সাহায্য করে।"

চুক্তিতে চুক্তির প্রতি বছরের জন্য চাকরিজীবীদের বেতন বাড়ানোর কথা রয়েছে। এছাড়াও এতে সবেতন প্রসবের আগের ছুটি, লোকেশন পে বাড়ানো এবং স্বাস্থ্য বীমা সংক্রান্ত এমন পরিবর্তন

আছে যা নির্দিষ্ট কিছু কো-পে বাতিল করে এবং নেটওয়ার্কের বাইরের সেবা প্রদানকারীর উপর নির্ভরতা সবথেকে কম করে কর্মচারীদের খরচ কমাবে।

CSEA চারটি বার্গেইনিং ইউনিটে নিউ ইয়র্ক স্টেটের কর্মচারীদের প্রতিনিধিত্ব করে। চুক্তিটি কার্যকর হওয়ার জন্য এটিকে অবশ্যই CSEA-এর র‍্যাঙ্ক এবং ফাইল সদস্যদের অনুমোদন পেতে হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন